ভোরের কাগজ

04 DEC 2005

১ ২

# বোমাতঙ্কে গাজীপুরে সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

## ৩ প্রতিষ্ঠানের দিকে গোয়েন্দাদের নজর

**গাজীপুর প্রতিনিধি** ঃ গাজীপুরের জঙ্গি তৎপরতা নিয়ে গোয়েন্দাদের নজর এখন শহরের একটি কিন্ডারগার্টেন, একটি ক্যাডেট মাদ্রাসা ও একটি স্কুল এন্ড কলেজের দিকে। অত্যন্ত জাঁকজমকভাবে উদ্বোধন করা এসব প্রতিষ্ঠানে জামাতে ইসলামী, ছাত্রশিবির ও আহলে হাদিসের সর্বোচ্চ পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। এর মধ্যে আহলে হাদিসের নায়েবে আমির ড. গালিব জাবালে নূর ফাউন্ডেশন পরিচালিত একটি প্রতিষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ প্রতিষ্ঠানের ২টি বিলাসবহুল বাড়ির মাসিক ভাড়া ৯০ হাজার টাকা এবং ছাত্র সংখ্যা মাত্র ১০০ জন বলে জানা গেছে। কড়া নিরাপত্তা ব্যবস্থা থাকার কারণে সাধারণের পক্ষে ওই প্রতিষ্ঠানে ঢোকা মুশকিল। ওইসব প্রতিষ্ঠানে প্রায়ই অচেনা লোকজনকে আসা-যাওয়া করতে দেখা যায়। শহরের একটি বড়ো মসজিদের ইমামকেও রাতবিরাতে ওই প্রতিষ্ঠানে যাতায়াত করতে দেখা যায়। প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ড নিয়ে শুরু থেকেই গাজীপুরের বিভিন্ন মহলে নানা গুঞ্জন ছিল। এসব প্রতিষ্ঠানের পাঠ্যক্রমে দেশের স্বাধীনতার মূল্যবোধবিরোধী বিষয় এবং একটি বিশেষ দলের আগামী প্রজন্ম তৈরির লক্ষ্য বাস্তবায়নের

● এরপর-পৃষ্ঠা ৯ কলাম ৫